মেহেরপুর শহরে প্রকাশ্যে দিবালোকে ব্যবসায়ীর গোডাউন ভাঙচুর ও লুটপাটের অভিযোগ

মেহেরপুর শহরে পূর্ব শত্রুতার জের ধরে বাড়ি দখল ও প্রায় দেড় কোটি টাকা মূল্যের বীজ লুটপাট করার অভিযোগে এনে প্রতিপক্ষের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছে সওদাগর নামের এক ব্যক্তি।

ঘটনাটি মেহেরপুর শহরের ফৌজদারি পাড়া এলাকায় ঘটেছে।

সওদাগরের লিখিত অভিযোগে জানা গেছে, জনৈক আনোয়ারা খাতুনের কাছ থেকে প্রায় ৯ বছর আগে সাড়ে তিন কাটা জমি রেজিস্ট্রি ও দেড় কাঠা জমি বাইনা নামা সূত্রে কিনে সেখানে গোডাউন নির্মাণ করে কফিসহ অন্যান্য সব্জী বীজের ব্যবসা চালিয়ে আসছেন। চলতি মৌসুমে প্রায় দেড় কোটি টাকা মূল্যের বিভিন্ন সব্জী বীজ সেখানে মজুদ করা হয়েছে।

গত ২৩ মে রাত আনুমানিক ৯.৪০ মিনিটের দিকে শহরের ক্যাশবপাড়া এলাকার মোসির ছেলে শহিদুল ইসলাম (৫০), মুখার্জিপাড়া এলাকার মুনতাজ আলীর ছেলে সুজন আলী (৪০), মো: জীবন (৩৫), শুভ (৩২). ফৌজদারিপাড়া এলাকার আবুল কাশেমের ছেলে রুবেল (৪০) তার স্ত্রী দুলালী (৩৫), রবির ছেলে ডালিম (৪০), জলিলের ছেলে রকি (৩৫), ক্যাশবপাড়া এলাকার শহিদুল ইসলামের স্ত্রী ছবি খাতুন (৪৫)সহ প্রায় ১০/১২ জন অজ্ঞাত ব্যক্তি প্রকাশ্যে দিবালোকে সন্ত্রী কায়দায় গোডাউনে হামলা করে। গোডাউনের তালা ভেঙ্গে তারা প্রায় এক কোটি ৩৫ লক্ষ টাকা মূল্যের কফিসহ অন্যান্য সব্জী বীজ লুট করে। এছাড়া প্রায় ১৫ লক্ষ টাকা মূল্যের অন্যান্য বীজ বিনষ্ট করে। পরে খবর পেয়ে গোডাউনের সামনে যেতেই লুটপাটের এসব চোখে পড়ে বিবাদী সওদাগর আলীর।

সওদাগর বলেছেন, জমি সংক্রান্ত পূর্ব শত্রুতার জের ধরেই প্রতিপক্ষরা আমার গোডাউন লুট করেছে। তিনি অভিযোগে আরো বলেছেন, এসময় তাদের বাঁধা দিতে গেলে প্রতিপক্ষরা আমাকে প্রাণনাশের হুমকিও দিয়েছে। এছাড়া এই বিষয়ে আইনে গেলেও আমাকে খুন জখম করবে বলে হুমকি দিয়েছে তারা।

তিনি গোডাউন ভাংচুর ও লুটপাটের বিচার দাবী করেছেন প্রশাসনের কাছে। বিষয়টি নিয়ে মেহেরপুর শহরে শুরু হয়েছে নানা সমালোচনা। মেহেরপুর সদর থানা থেকে সামান্য দুরে প্রায় ঘন্টাব্যাপি প্রকাশ্যে দিবালোকে এ ধরনের ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটলেও থানা পুলিশ ঘটনাস্থলে আসেননি বলে অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে।

এ ব্যাপারে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়ার সাথে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি বলেছেন, “অভিযোগ হয়েছে কিনা এটা আমার জানা নেই”। তিনি আর কোনো কথা বলার সুযোগ না দিয়েই ফোনটি কেটে দেন।

মুজিবনগরে বসতবাড়ি পুড়ে যাওয়া পরিবারের পাশে উপজেলা প্রশাসন

মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের খানপুর গ্রামের পুরাতন বিজিবি ক্যাম্প পাড়ার হতদরিদ্র স্বামী পরিত্যাক্ত জমেলা খাতুনের বসতভিটা আগুনে পুড়ে ছাই হয়ে গেছে। ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়িয়েছে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

স্থানীয় সূত্রে জানা গেছে গতকাল শনিবার রাতটা নয়টার দিকে বিদ্যুতের সংযোগের মাধ্যমে আগুনের সূত্রপাত হয়। কেউ কিছু বুঝে ওঠার আগেই আগুনে পুড়ে ছাই হয়ে যায় দোচালা টিনের ঘরটি। খবর পেয়ে মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এসে আগুন নিয়ন্ত্রণে আনে।

এই আগুনে তিলে তিলে গড়ে তোলা পরিবারটির কাঁথা কম্বল, জামা কাপড়, ফ্রিজ টিভি, হাড়ি পাতিল সহ ব্যবহারের সমস্ত জিনিসপত্র পুড়ে ছায় হয়ে গেছে পুড়ে গেছে ঘরে রাখা নগদ ১০ হাজার টাকাও। অগ্নিকাণ্ডে অসহায় পরিবারটির দুই থেকে তিন লক্ষ টাকার ক্ষতি সাধিত হয়েছে জানান স্থানীয়রা। অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত জমেলা খাতুনের স্বামী দীর্ঘদিন হল তাকে ছেড়ে চলে গেছে।একমাত্র ছেলে তুফানকে নিয়ে কোন রকম জীবন যাপন করে আসছেন তিনি। ছেলে তুফান রাজমিস্ত্রির কাজ করে যা আয় করে তা দিয়ে চলে জমেলা খাতুন ছেলে

তুফান এবং তার স্ত্রী ও দুই সন্তান নিয়ে এই পাঁচ জনের সংসার। আকস্মিক এই আগুনে পুড়ে ছাই হয়ে গেছে পরিবারটির স্বপ্ন ও ভবিষ্যৎ। নেই পরিধানের কাপড়ও দিশেহারা হয়ে পড়েছেন জামেলা খাতুন ও তার ছেলে তুফান। তাদের এই বিপদের দিনে পাশে এসে দাঁড়িয়েছেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

খবর পেয়ে উপজেলা নির্বাহী অফিসার আজ রবিবার বিকেলে ঘটনাস্থলে যান তিনি তাৎক্ষণিক ক্ষতিগ্রস্ত পরিবারকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের নিজস্ব তহবিল থেকে প্রদানকৃত দুই বাইন ঢেউটিন এবং নগদ অর্থ প্রদান করেন।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারকে আশ্বস্ত করে বলেন, আপনাদের যেহেতু ঘর নাই পুড়ে গেছে তাই প্রাথমিক অবস্থায় দুই বাইন টিন ও ছয় হাজার টাকা আপনাদেরকে প্রদান করা হলো। এটা দিয়ে আপাতত ঘর তৈরি করে বসবাস করেন। আপনাদের জন্য আরও সহযোগিতা আমরা করব। আপনাদের কোন কিছু প্রয়োজন হলে আমাদের সাথে যোগাযোগ করবেন। উপজেলা প্রশাসন সবসময় আপনাদের পাশে থাকবে।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম এবং উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন।

গাংনীর গাড়াবাড়ীয়াতে হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ী আটক

গাংনীর গাড়াবাড়ীয়া হলদেপাড়ায় ৬ গ্রাম হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ধলা পুলিশ ক্যাম্প।

আটকের বিষয়টি নিশ্চিত করেছেন ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলাম।

গতকাল শনিবার দুপুরে গাড়াবাড়ীয়া হলদেপাড়াতে ধলা পুলিশ

ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলামের নেতৃত্বে, এ এস আই অমল চন্দ্র মন্ডল ও এ এস আই শামছুর রহমান সঙ্গিও ফোর্সসহ অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।আটক কৃতরা হলেন, মোঃ কাজেম আলীর ছেলে মমিন ইসলাম (১৯) ও মোঃ আইয়ুব আলীর ছেলে বাদশা মিয়া (২৬) কে ৬ গ্রাম হেরোইন সহ আটক করা হয়।

তারা দুজনেই চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ। পুলিশ জানায়, প্রকাশ্যে হেরোইন বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাদের দুজনকে আটক করে, দেহ তল্লাশি করে ৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলাম জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাদের আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে।

সিপিবি মেহেরপুরের উদ্যোগে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুর শহরের পুরাতন বাসট্যান্ডে আলোচনা সভা ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি),মেহেরপুর জেলা শাখা।

গতকাল শনিবার (২৫ মে) সকাল শনিবার সকাল ১০ টার সময় শহিদুল ইসলাম (গাংনী) এর সভাপতিত্বে ও শহিদুল ইসলাম কানন এর সঞ্চালনায় মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার শুরুতে প্রথমে শোক প্রস্তাব উপস্থাপন করা হয়। এবং কমরেড আব্দুল মান্নান এর আত্মার শান্তি কামনা করে ১ মিনিট নিরবতা পালন করা হয়। পরে বক্তারা দ্রব্যমূল্যের ক্রমাগত বৃদ্ধির জন্য

বর্তমান সরকারকে দায়ি করেন। এবং সরকারের সমালোচনা করেন। এবং জনগণের অধিকার প্রতিষ্ঠা করার জন্য বাম সরকার প্রতিষ্ঠার উপরে গুরুত্ব আরোপ করেন।

এসময় সেখানে আরো উপস্থিত ছিলেন কমরেড এডঃ মিজানুর রহমান, কমরেড সিদ্দিকুর রহমান সহ আরো অনেকে।

গাংনীতে মাঠে কাজ করতে গিয়ে কৃষকের মৃত্যু

গাংনীতে মাঠে কাজ করার সময় প্রচন্ড গরমে হিট স্ট্রোক করে সিরাজ মন্ডল (৬০) নামের এক কৃষক মারা গেছেন।

গতকাল শনিবার দুপুরের দিকে মাঠে নিজ জমির ধান কাটা মাড়ায় করার সময় অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার সময় পথিমধ্যে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

তবে, মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাঃ জোবাইদা ফারজানা জানান, সিরাজ মন্ডল চিকিৎসা দেওয়ার সময় মারা গেছেন।

প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষায় দেখা গেছে তিনি হৃদরোগে আক্রান্ত ছিলেন। সিরাজ মন্ডলের বাড়ি গাংনী উপজেলার আকুবপুর গ্রামে।

স্খানীয়রা জানান, কৃষক সিরাজ মন্ডল নিজের জমিতে ধান কাটা মাড়াই কাজ করছিলেন। কাজের এক পর্যায়ে তিনি অসুস্থ হয়ে পড়েন। প্রচণ্ড গরমে তিনি অসুস্থ হয়ে পড়েছেন বলে জানান তার পরিবারের লোকজন।

গত দুই দিন থেকে মেহেরপুর জেলার উপর দিয়ে বয়ে যাচ্ছে তীব্র তাপ প্রবাহ। তীব্র তাপ প্রবাহ এবং প্রচণ্ড রোদে বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা

রাকিবুল ইসলাম বলেন,সন্ধ্যা ছয়টায় মেহেরপুর ও চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা ৪১.৭ ডিগ্রি সেলসিয়াস এবং বাতাসের আর্দ্রতা ৫৭% ছিলো। গত শুক্রবার (২৪ মে) তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ৪০ ডিগ্রি সেলসিয়াস। বাতাসের আদ্রতা ছিলো ৪২%।

মুজিবনগরে মোনাখালী ইউপি সদস্যের মৃত্যু

মুজিবনগর উপজেলার ২নং মোনাখালী ইউনিয়ন পরিষদের ২ নম্বর ওয়ার্ড ইউপি সদস্য মো: আলাউদ্দীন (৩৬) ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আজ শনিবার রাত ১০ টা ১৫ মিনিটের সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মো: আলাউদ্দীন মোনাখালী পূর্বপাড়ার মৃত মজিত মন্ডলের ছেলে।

পারিবারিক সূত্রে জানা গেছে, ইউপি সদস্য মো: আলাউদ্দীন হৃদরোগে আক্রান্ত হলে আজ রাত ৮ টা ৩০ মিনিটের সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় রাতে মারা যান তিনি।

মৃত্যুকালে মো: আলাউদ্দীন স্ত্রী, ২ ছেলে সহ অসংখ্য গুনাগ্রহেী রেখে গেলেন।

মো: আলাউদ্দীনের জানাজার নামাজ আগামীকাল সকাল ৮ টার সময় মোনাখালী মধ্যপাড়া ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত হবে।

রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ এম এ এস ইমনের

বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক ও রাজধানী টিভির চেয়ারম্যান, তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমন।

আজ শনিবার বঙ্গভবনে তিনি রাষ্ট্রপতি মো:শাহাবুদ্দিনের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় রাষ্ট্রপতির সাথে তিনি কুশল বিনিময় করেন এবং বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

আমঝুপিতে নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের সংবর্ধণা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে সদর উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের সংবর্ধণা দেওয়া হয়েছে।

শুক্রবার বিকালে আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগ কার্যালয় প্রাঙ্গনে এ সংবর্ধণা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংবর্ধিত চেয়ারম্যান মো: আনারুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা।

অন্যদের মধ্যে বক্তব্য দেন সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন চেয়ারম্যান মোমিনুল ইসলাম, বুড়িপোতা ইউপি চেয়ারম্যান শাহ জামান চৌধুরী, শ্যামপুর ইউনিয়ন চেয়ারম্যান

মতিউর রহমান, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগ সভাপতি মিনারুল ইসলাম, আমঝুপি ইউনিয়ন কৃষক লীগ সভাপতি মাহবুবুল হক, আমঝুপি ইউনিয়নের প্রয়াত চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নুর ছেলে সেলিম রেজা প্রমুখ।

সংবর্ধণা অনুষ্ঠানে আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগ, স্বেচ্ছাসেবক লীগ ও কৃষকলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে কবুতর উড়ানো প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ

মেহেরপুরে হাইফ্লায়ার পিজিয়ন এ্যাসোসিয়েশনের উদ্যোগে ২০২৩-২০২৪ সালে কবুতর উড়ানো প্রতিযোগিতার পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ শুক্রবার দুপুরে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে কবুতর উড়ানো প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ করা হয়।

মেহেরপুর পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ মঞ্জুরুল কবীর রিপনের সভাপতিত্বে পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টাঙ্গাইল পিটিসির পুলিশ সুপার ইমামুর রশীদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন রফিকুল ইসলাম, সৈয়দ আল মামুন, মেহেরপুরে হাইফ্লায়ার পিজিয়ন এ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক শাহিন রেজা।

মেহেরপুরে হাইফ্লায়ার পিজিয়ন এ্যাসোসিয়েশনের উদ্যোগে ৪ মাস ব্যাপি কবুতর উড়ানো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সেখানে একক কবুতর উড়ানো প্রতিযোগিতা ২০২৪ সালে প্রথম স্থান অধিকার করেছে সৈয়দ মঞ্জুরুল কবীর (রিপন) কবুতর উড়ার সময় ১১ ঘন্টা ৪৪ মিনিট। ২য়

স্থান অধিকার করেছে রকিবুল ইসলাম (রফিক) কবুতর উড়ার সময় ১০ ঘন্টা ২৮ মিনিট। ৩য় স্থান অধিকার করেছে রকিবুল কবুতর উড়ার সময় ৯ ঘন্টা ৪৩ মিনিট।

গত বছর মেহেরপুরে হাইফ্লায়ার পিজিয়ন এ্যাসোসিয়েশনের উদ্যোগে একক কবুতর উড়ানো প্রতিযোগিতা ২০২৩ সালে প্রথম স্থান অধিকার করেছে সুজন আলী কবুতর উড়ার সময় ১১ ঘন্টা ১৮ মিনিট। ২য় স্থান অধিকার করেছে বজলু শেখ কবুতর উড়ার সময় ১০ ঘন্টা ৫৩ মিনিট। ৩য় স্থান অধিকার করেছে জাহিদ সোহান কবুতর উড়ার সময় ১০ ঘন্টা ২৪ মিনিট।

মেহেরপুরে হাইফ্লায়ার পিজিয়ন এ্যাসোসিয়েশনের প্রচার সম্পাদক আব্বাস রনি পুরস্কার বিতরণ অনুষ্ঠানের সঞ্চালনা করেন।

মেহেরপুরের ইসলামনগরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গৃহবধুর মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার ইসলামনগরে (নোয়াখালী পাড়া) গোসল করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সারজিয়া খাতুন (৪২) নামের এক গৃহবধুর মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার দুপুরে মর্মান্তিক এ দুর্ঘটনা ঘটে। নিহত সারজিয়া খাতুন ইসলামনগর গ্রামের ইমাম মিজানুর রহমানের স্ত্রী। তিনি দুই সন্তানের জননী ।

পরিবারের বরাত দিয়ে স্থানীয় ইউপি সদস্য আবুল কাশেম জানান, দুপুরে বৈদ্যুতিক পানির পাম্প চালিয়ে গোসল করতে গিয়ে শর্টসার্কিটে তিনি বিদ্যুৎসৃষ্ট হন।বিদ্যুৎস্পৃষ্ট হয়ে কখন তিনি মারা গেছেন পরিবারের কেই জানতে পারেনি। অনেকপরে পরিবারের লোকজন গোসলাখানার দিকে গেলে তাকে মৃত অবস্থায় উদ্ধার করেন।

আমঝুপি ইউনিয়নের স্থানীয় ইউপি সদস্য আবুল কাশেম ঘটনার সত্যতা

নিশ্চিত করেন।

আরও পড়ুন জীবননগরের সেনেরহুদায় বিদ্যুৎস্পৃষ্ট যুবকের মৃত্যু